

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ, ঢাকা।

স্মারক নং- ১৭৭/২০১২ এসসি(এডি)

তারিখঃ মে ০৭, ২০১২ খ্রীস্টাব্দ

## কোটেশন আহবান

এতদ্বারা 'বাংলাদেশ সুপ্রীম কোর্টের বার্ষিক প্রতিবেদন, ২০১১' এর ৭৫০ (সাতশত পঞ্চাশ) কপি মুদ্রণের লক্ষ্যে খ্যাতনামা প্রিন্টিং প্রেস/মুদ্রণ প্রতিষ্ঠানের নিকট হইতে নিজস্ব প্যাডে সীলমোহরযুক্ত কোটেশন আহবান করা যাইতেছে।

### **Supreme Court of Bangladesh Annual Report-2011**

Size : 8.50" x 11.25"

Pages : 140 Pages (±5%)

Paper : Inner-120 gms Art paper  
Cover -300 gms Art Paper

Printing : Inner-Both side 4 Colour  
Cover -one side 4 Colour with Matt Lamination

Binding : Juice binding (As per sample)

### শর্তাবলী

- ১। আগামী ১৩/০৫/২০১২ ইং তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত আপীল বিভাগের নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত বাস্তব কোটেশন দাখিল করিতে হইবে এবং ঐ দিনই বেলা ১২:১৫ ঘটিকার সময় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন বাস্তব খোলা হইবে।
- ২। কোটেশনে প্রতি কপির মূল্য পৃথকভাবে উল্লেখ পূর্বক সর্বমোট মূল্য অবশ্যই উল্লেখ করিতে হইবে।
- ৩। কোটেশনের সহিত হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স এবং আনুসঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করতঃ কোটেশন দাখিল করিতে হইবে। খামের উপর কোটেশন শব্দটি উল্লেখ করিতে হইবে।
- ৪। চাহিদা অনুযায়ী মুদ্রণকৃত প্রতিবেদন (Annual Report) সমূহ নিজ খরচে আপীল বিভাগের লাইব্রেরী শাখায় পৌছাইয়া দিতে হইবে।
- ৫। কোটেশনের সহিত মোট উদ্ধৃত মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হইবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নহে। সরবরাহকৃত প্রতিবেদন (Annual Report) গ্রহণ না করা পর্যন্ত কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরৎ দেওয়া হইবে না।
- ৬। কার্যাদেশ প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে প্রতিবেদন মুদ্রণ ও সরবরাহ পূর্বক প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করিতে হইবে এবং চালানসহ ৩(তিন) কপি বিল দাখিল করিতে হইবে।
- ৭। অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফ্লুইড ব্যবহৃত কোটেশন এবং নির্ধারিত সময়ের পরে কোন কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নহে।
- ৮। কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন গ্রহণে বাধ্য নহেন এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ অথবা সকল কোটেশন বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

*M. M. M. M.*  
০৭.০৫.১২  
(মোঃ ইসহাক মিয়া)  
ডেপুটি রেজিস্ট্রার  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
আপীল বিভাগ, ঢাকা।

### প্রচারের জন্যঃ

- ১। নোটিশ বোর্ড, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। নোটিশ বোর্ড, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৩। নোটিশ বোর্ড, সলিসিটর অফিস, ঢাকা।
- ৪। নোটিশ বোর্ড, হাইকোর্ট মাজার, ঢাকা।
- ৫। নোটিশ বোর্ড, জুডিসিয়াল সার্ভিস কমিশন অফিস, ঢাকা।
- ৬। বাংলাদেশের সুপ্রীম কোর্টের ওয়েব সাইট।